

পার্বত্য চট্টগ্রাম জেলা সমূহে পরিবেশসম্মত ভাবে ইঁদুর ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রকল্প
Ecologically based Rodent Management Training at CHTs Project

ইঁদুর সম্পর্কিত তথ্যাবলী



- ইঁদুর খেতে যতটা না নষ্ট করে তার চেয়ে ৫-১০ গুন বেশী নষ্ট করে গতে নিয়ে, মাটিতে মিশিয়ে, পশম, পাখানা ও প্রহাৰ ইত্যাদির সংক্রমণের মাধ্যমে।
- গবেষকদের মতে কথিত আছে যে, আনুমানিক ৪০-৫০ বছর পর পর বাঁশের যুগপৎ ফুল ফোটে। এ কারণে পার্বত্য চট্টগ্রামসহ বিভিন্ন এলাকায় ইঁদুরের উৎপাত বেড়ে যায়।
- আমন ফসলে ইঁদুরের ক্ষতির পরিমাণ (কৃষকের মতে) ১০% হতে ৩০%
- পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহে ইঁদুরের আক্রমণে ধুম ফসল, শাকসব্জি, মসলা জাতীয় ফসল এর ক্ষতির পরিমাণ ১০০ ভাগ।
- গুদামজাত শস্যে ইঁদুরের আক্রমণ জনিত ক্ষতির পরিমাণ ১০% হতে ২০%।

ফাঁদ ব্যবহার

ইঁদুরের ফাঁদ পেতে ইঁদুর নিয়ন্ত্রণ করা যায়। এই সকল ফাঁদে খাদ্য (টোপ) হিসাবে নারিকেল, কলা, আম, আলু ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। ইঁদুর সাধারণত ঘরের দেয়াল ঘেঁষে চলা ফেরা করে তাই দেয়াল ঘেঁষে ফাঁদ পাতা বা স্থাপন করা উচিত। ইহা ছাড়া মাচায়, ভোলে এবং ঘরের অন্যান্য জায়গায় যেখানে ইঁদুরের আনা গোনা বেশী সেখানেও ফাঁদ পেতে ইঁদুর নিয়ন্ত্রণ করা যায়।

আবাসস্থল ধ্বংস/নষ্ট করে

খড়ের গাঁদা ১৮" হতে ২৪" উঁচু করে স্থাপন করলে ইঁদুরে আক্রমণ অনেকাংশে কমে আসবে।

প্রতিবন্ধকতা সৃষ্টি করা

নারিকেল, সুপারি সহ অন্যান্য ফল ফলাদি ইঁদুরের আক্রমণ (ক্ষতি) হইতে রক্ষা করতে মাটি হতে ২-৩ মিটার উপরে পাছের গোড়া/ কাণ্ডের চারিদিকে ৪৫-৫০ সেঃ মিটার প্রশস্ত টিনের পাত শক্ত করে ভাল ভাবে আটকাতে হবে যেন ইঁদুর আর পাছের উপরে উঠতে না পারে। এ ব্যবস্থায় কাঠ বিভ্রালীর উপদ্রব হতেও রক্ষা পাওয়া যায়।

পরিষ্কার পরিচ্ছন্নতা

বাড়ী ঘর, গুদাম ঘর, রান্না ঘর, বাড়ীর আঙ্গিনা ও চাঙ্গিপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখলে ইঁদুরের উপদ্রব অধিকাংশে কম হয়। জমির আশ-পাশের আবর্জনা, অব্যবহৃত আগছা ও কোপ জঙ্গল পরিষ্কার করে রাখলে ইঁদুর দ্বারা ক্ষতির পরিমাণ অনেকাংশে কম হবে।



আরও তথ্য জানার জন্য যোগাযোগ করুন

এইড-কুমিল্লা

গ্রাম : রঘুপুর, ডাকঘরঃ রাজাপাড়া, ইউনিয়ন : জগন্নাথপুর,

উপজেলা : কুমিল্লা সদর, জেলা : কুমিল্লা।

টেলিফোন : ০৮১-৬২৪৪৪, ০৮১-৭২০০৩

ফ্যাক্স : ০৮১-৬২৪৪৪, ই-মেইল : aidazad@btcl.net.bd

web page : www.aidcomilla.org



United Nations Development Programme
Chittagong Hill Tracts Development Facility (CHTDF)

Implemented by : AID-COMILLA

Reference : ACIAR, Australia, Dr. Ken P. Aplin, Dr. Peter R. Brown, Dr. Jens Jacob, Dr. Charles J. Krebs & Dr. Grant R. Singleton

Krishi Katha Published by : Department of Agriculture Extension, Bangladesh

Rodent Research Team in Bangladesh : Dr. Steven R. Belmain, NRI, University of Greenwich, UK, Dr. Nazira Q. Kamal, Dr. Santosh Kumar Sarker, Mohammad Harun, Md. Nazmul Islam Kadry, Abul Kalam Azad, Rokeya Begum Shafali of AID-COMILLA

